# আগামীকাল শিক্ষকদের 'মহাবিক্ষোভ'

( ইত্তেফাক রিপোর্ট )

আগামীকাল (বৃহস্পতিবার) ঢাকায় প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভ শুরু হইতেছে। দেশের দূর-দূরান্তর হইতে শিক্ষকরা আজ হইতে ঢাকায় পৌঁছিতেছেন। মহাবিক্ষোভের তিনদিন শিক্ষকরা দিনমান রাজপথেই কাটাইবেন। এসময় তাঁহাদিগকে প্রয়োজনে খাবার পানি সরবরাহের জন্য প্রাথমিক শিক্ষক সমিতি জনসাধারণের প্রতি আহ্বান জানাইয়াছেন।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আযাদ ও সাধারণ সম্পাদক কাজী আ, কা, ফজলুল হক এক যুক্ত বিবৃতিতে ঢাকা ওয়াসা কর্তৃপক্ষের প্রতি ১৯শে হইতে ২১শে, ফেব্রুয়ারী পর্যন্ত মহাবিক্ষোভে অংশগ্রহণকারী শিক্ষক-জনতাকে বঙ্গভবন হইতে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত সড়কে খাবার পানি সরবরাহ করার আহ্বান জানান।

বিবৃতিতে নেতৃদ্বয় বলেন যে, পানির অভাবে শিক্ষক ও অন্যরা কষ্ট পাইলে উহার জন্য সরকারকে

( ৮ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

## শিক্ষকদের মহাবিক্ষোভ

(১ম পৃঃ পর)

দায়ী হইতে হইবে। শিক্ষক সমিতি নেতাদ্বয় নগরীর সকল স্তরের নাগরিকদের প্রতি বিক্ষোভে অংশগ্রহণকারীদের যথাসাধ্য সেবাদানের জন্য আবেদন জানাইয়াছেন।

জাতীয় সমাজতান্ত্রিক দল ঢাকা নগর শাখার সভাপতি জনাব আতিকুর রহমান ও সাধারণ সম্পাদক জনাব খালেকুজ্জামান চৌধুরী এক যুক্ত বিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভের কর্মসূচীর প্রতি সমর্থন জানাইয়া সংগঠনের ঢাকা নগরী কর্মীদের তথা জনগণের প্রতি এই কর্মসূচীকে সাফল্যমণ্ডিত করিয়া তোলার আহ্বান জানান।

সর্বদলীয় শ্রমিক কর্মচারী সংগ্রাম পরিষদ ও ইসলামী ছাত্র শিবির-এর পৃথক পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভ কর্মসূচীর প্রতি সমর্থন জানান হয়।

গত শনিবার বাংলাদেশ সরকারী প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির সভায় গৃহীত প্রস্তাবে প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ/১৯৮১ অবিলম্বে বাতিল করিয়া সরাসরি সরকারী কর্মচারী ঘোষণাপূর্বক বাংলাদেশ চাকুরিবিধি মোতাবেক যাবতীয় সুযোগ-সুবিধা প্রদানের দাবী জানান হয়।

অন্য এক প্রস্তাবে বলা হয় যে, "শিক্ষকদের মহাবিক্ষোভ কর্মসূচীকে সরকারী বা বিএনপি-এর লোক দ্বারা বানচালের অপচেষ্টা চালানো হইলে পরিস্থিতির অবনতির জন্য সরকার সম্পূর্ণভাবে দায়ী থাকিবে।

ঢাকা মহানগরী প্রাথমিক বিদ্যালয় ম্যানেজিং কমিটি সংগ্রাম পরিষদের আহ্বায়ক জনাব সালেউদ্দিন সেলিম ও সদস্য জনাব আবুবকর সিদ্দিক এক যুক্তবিবৃতিতে প্রাথমিক শিক্ষকদের মহাবিক্ষোভ কর্মসূচীর প্রতি সমর্থন জানাইয়া কমিটির সদস্য ও অভিভাবকদের প্রতি অংশ গ্রহণের আহ্বান জানান।